

### গার্হস্থ্য সহিংসতার ভুক্তভোগীদের জন্য তথ্য

আপনি যদি গার্হস্থ্য সহিংসতার শিকারে পরিণত হন এবং সাহায্যের জন্য কোন পুলিশ অফিসার এগিয়ে এসে থাকেন, তাহলে আপনি সেই পুলিশ অফিসারকে সাময়িক আইনি সুরক্ষা লাভ সংক্রান্ত তথ্য উপায় সম্পর্কে তথ্য দেয়াসহ আপনার ও আপনার সন্তানদের নিরাপত্তা বিধানের অনুরোধ জানাতে পারেন। এছাড়াও আপনি সে পুলিশ অফিসারকে আপনার নিজের ব্যক্তিগত জরুরি প্রয়োজনীয় জিনিসপত্র নিয়ে আসার এবং আপনার সন্তানদের সন্ধান করা ও ফিরিয়ে আনায় সহায়তা দিতে, কিংবা উক্ত পুলিশ অফিসারকে অনুরোধ করতে পারেন তার এখতিয়ারের মধ্যে কোন নিরাপদ স্থানে আপনাকে ও আপনার সন্তানদেরকে নিয়ে যেতে, যে স্থানটি শুধু গার্হস্থ্য সহিংসতা নিবারন কর্মসূচিভুক্ত কোন স্থান না হয়ে হতে পারে পরিবারের কোন সদস্য বা কোন বন্ধুবান্ধবদের বসতবাড়ি বা অনুরূপ নিরাপদ স্থান। যেহেতু অফিসারের এখতিয়ার একটি কাউন্সিল অতিক্রম করে আরেকটি কাউন্সিলতেও বিস্তৃত হয়, আপনাকে ও আপনার সন্তানদেরকে কাউন্সিলের এমন একটি নিরাপদ স্থানে নিয়ে যেতে বা নিয়ে যাওয়ার ব্যবস্থা করতে অফিসারকে অনুরোধ জানাতে পারেন, যেখানে ঘটনাটি ঘটেছিল। আপনার ও আপনার সন্তানদের ডাক্তারি চিকিৎসার প্রয়োজন হলে চিকিৎসা সহায়তা পেতে সহায়তা দেয়ার জন্য অফিসারকে অনুরোধ জানানোর অধিকার আপনার আছে। ঘটনাটির পুলিশ রিপোর্ট হলে আইন প্রয়োগকারি সংস্থার কাছ থেকে তার একটি কপি বিনা মূল্যে পাওয়ার জন্য অনুরোধ জানাতে পারেন।

আপনি ডিস্ট্রিক্ট অ্যাটর্নী বা আইন প্রয়োগকারি অফিসারকে একটি অপরাধ বিষয়ক অভিযোগ লিপিবদ্ধ করতে বলতে পারেন। এছাড়াও আপনার বিরুদ্ধে কোন পারিবারিক নির্যাতন করা হয়ে থাকলে আপনি ফ্যামেলি কোর্টে একটি আবেদন পেশ করতে পারেন। আপনি যেদিন কোর্টে যাবেন, সেই দিন কোর্টে আপনার আবেদন ও আপনার সুরক্ষা নির্দেশ (অর্ডার অব প্রটেকশন) জারির অনুরোধ লিপিবদ্ধ করার অধিকার আপনার রয়েছে এবং একি দিন বা পরবর্তী দিন এ ধরনের অনুরোধের শুনানী করা বাধ্যতামূলক। পারিবারিক নির্যাতনমূলক আচরণ থেকে সুরক্ষা দেয়ার জন্য অন্যান্য বিধিবিধেয়সহ বাদী বা বিবাদীদের আপনার ও আপনার সন্তানদের কাছ থেকে দূরে থাকার জন্য কোর্ট একটি সুরক্ষা নির্দেশ (অর্ডার অব প্রটেকশন) জারি করবে। এছাড়াও ফ্যামেলি কোর্ট সাময়িক চাইলড সাপোর্ট (সন্তানদের খোরপোষ) প্রদান করার জন্য এবং সন্তানদের সাময়িক দায় - দায়িত্ব আপনাকে দিয়ে অর্ডার জারি করতে পারে। যদি ফ্যামেলি কোর্ট চালু না থাকে, আপনি সুরক্ষা নির্দেশ (অর্ডার অব প্রটেকশন) লাভের জন্য অবিলম্বে ক্রিমিন্যাল কোর্টের সাহায্য চাইতে পারেন।

আপনার পছন্দের আইনি পরামর্শদাতা নিয়োগের অধিকার আপনার রয়েছে এবং আপনি যদি ফ্যামেলি কোর্টে গিয়ে থাকেন এবং যদি নির্ধারণ হয় যে একজন উকিল নিয়োগ করার সার্মথ আপনার নেই, আপনি অভশ্যই বিনা খরচে একজন উকিল পেতে পারেন।

আপনি সুরক্ষা নির্দেশের (অর্ডার অব প্রটেকশন) জন্য প্রয়োজনীয় ফরম ফ্যামেলি কোর্ট এবং স্থানীয় ক্রিমিন্যাল কোর্টে পাবেন।

পারিবারিক আদালত : ( ফ্যামেলি কোর্ট )

স্থানীয় ফৌজদারী আদালত : ( ক্রিমিন্যাল কোর্ট )

[ সংযুক্ত তালিকা দেখুন ]

নিচের টোল ফ্রি নিউ ইয়র্ক স্টেট কোয়ালিশন এগেন্‌স্ট ডমেস্টিক ভায়োলেন্স (গার্হস্থ্য সহিংসতা) হটলাইনে ফোন করে গার্হস্থ্য সহিংসতা, আহতদের চিকিৎসা, নিরাপদ আশ্রয় সম্পর্কিত তথ্য কোথায় পাওয়া যাবে, তা জানতে পারবেন।

( ইংরেজি ): ১ - ৮০০ - ৯৪২ - ৬৯০৬ / 1-800-942 - 6906

( স্প্যানিশ ): ১ - ৮০০ - ৯৪২ - ৬৯০৮ / 1-800-942 - 6908

এছাড়াও আপনি আপনার নিকটস্থ ডমেস্টিক ভায়োলেন্স (গার্হস্থ্য সহিংসতা) হটলাইনে ফোন করতে পারেন।

জ্ঞাতসারে মিথ্যা কারন দেখিয়ে ক্রিমিন্যাল অভিযোগ দায় করা বা ফ্যামেলি কোর্টে আবেদন করা একটি অপরাধ।